

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২০.২০২১. ২২০

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯  
৩১ ডিসেম্বর ২০২২

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব বিলকিস বেগম, প্রধান শিক্ষিকা (সাময়িক বরখাস্তকৃত), জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট- এর বিরুদ্ধে ফেসবুকে চাকরি বিধি পরিপন্থি পোস্ট দেওয়া, আর্থিক অনিয়ম, প্রশাসনিক অদক্ষতা ও সরকারের বিপক্ষে অবস্থানের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং উক্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিধি অনুযায়ী তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব বিলকিস বেগম, প্রধান শিক্ষিকা, জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন গুরুদণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

  
(মোঃ আবু বকর হিদ্দীক)  
সচিব

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৫ (পাঁচ) ফর্দ।

বর্তমান কর্মস্থল:

জনাব বিলকিস বেগম, প্রধান শিক্ষিকা (সাময়িক বরখাস্তকৃত)  
জয়পুরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট।  
[bilkissalam26@gmail.com](mailto:bilkissalam26@gmail.com)

অনুলিপি :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।